তারিখ ... 26 MAR 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# ছাইকোলা হাইস্কুলে অচলাবস্থা বেতন পাচ্ছেন না শিক্ষক-কর্মচারী

■ চাটমোহর (পাবনা) সংবাদদাতা

পাবনার চাটমোহর উপজেলার ছাইকোলা উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে দু পক্ষের অনড় ও সাংঘর্ষিক পরিস্থিতির কারণে বিদ্যালয়টিতে চলছে অচলাবস্থা। পরিচালনা কমিটি না থাকায় শিক্ষক-কর্মচারীরাও দীর্ঘদিন বেতন-ভাতা তুলতে পারছেন না বলে জানা যায়। স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ হাবিল উদ্দিন ও নিয়োগকালীন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ আঃ আজিজ ১৮/০৪/২০১৫ তারিখ থেকে স্কুলে অনুপস্থিত রয়েছেন।

সরেজমিন অনুসন্ধান চালিয়ে জানা গেছে, ছাইকোলা উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগের জন্য দু'টি পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়। কিন্তু ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ হাবিল উদ্দিন প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ পাওয়ার লক্ষ্যে ম্যানেজিং কমিটির সভাপতির যোগসাজসে বারবার নিয়োগ পরীক্ষার তারিখ পরিবর্তন করেন এবং এক পর্যায়ে ওই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করান। পরবর্তীতে ২২/১০/২০১৪ইং তারিখে 'দৈনিক সবুজ দেশ' নামক একটি পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে কাউকে কিছু না জানিয়ে মোঃ হাবিল উদ্দিনকে প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়। এই অনিয়মের পরিপ্রেক্ষিতে এক পর্যায়ে অচলাবস্থার সৃষ্টি হয় স্কুলটিতে। এরপর থেকেই হাবিল উদ্দিন ও আঃ আজিজ অনুপস্থিত রয়েছেন স্কুলে।

এ ব্যাপারে জেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা শিক্ষা অফিসার একাধিকবার তদন্ত করে প্রধান শিক্ষক মোঃ হাবিল উদ্দিনের নিয়োগ অবৈধ উপায়ে হয়েছে মর্মে প্রতিবেদন দিলেও বিষয়টির কোনো সুরাহা হয়নি।

এমতাবস্থায় বিদ্যালয়ে শিক্ষাকার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সিনিয়র শিক্ষিকা আঞ্জুয়ারা খানমকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান করা হয়েছে।